



স্থপতি মোহাম্মদ রেজোয়ান-এর নৌকা স্কুল ও এর ছাত্রছাত্রীরা

## নৌকা স্কুলের উদ্ধাবক পেলেন ভারতীয় পুরস্কার

ভাসমান স্কুলের উদ্ধাবক স্থপতি মোহাম্মদ রেজোয়ান 'শ্রী সত্য সাই অ্যাওয়ার্ড ফর হিউম্যান এক্সেলেন্স ২০১৬' এর এডুকেশন ক্যাটাগরীতে পুরস্কার পেয়েছেন। ১৩ সদস্যের জুরি তাকে 'নৌকা স্কুল' উদ্ধাবনের জন্য এবং জনজীবনে ও সারাবিশ্বের গ্রামীণ সমাজে এর প্রভাবের জন্য বেছে নিয়েছেন। পুরস্কারটি শ্রী সত্য সাই এর নামানুসারে প্রবর্তিত, যিনি ছিলেন ভারতের একজন সর্বজনবিদিত হিন্দু আধ্যাতিক এবং জনহিতৈষী নেতা। হিন্দীরা গান্ধী থেকে শুরু করে নরেন্দ্র মোদী- প্রায় প্রত্যেক ভারতীয় প্রধানমন্ত্রী ছিলেন তার অনুসারী। শ্রী সত্য সাই ভারত ও অন্যান্য দেশে অসংখ্য স্কুল ও কলেজ, হাসপাতাল, এবং বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করেছেন, যার ব্যয়ের পরিমাণ আনুমানিক ৩১.৫ বিলিয়ন ইউএস ডলার।

সমাজে মানবকল্যাণে জীবন উৎসর্গকারী ব্যক্তিদের মূল্যায়ন ও স্বীকৃতি দিতে শ্রী সত্য সাই লোক সেবা ট্রাস্টের মাধ্যমে 'শ্রী সত্য সাই অ্যাওয়ার্ড ফর হিউম্যান এক্সেলেন্স' পুরস্কার দেওয়া হয়।

২০১৬-এ শুরু হওয়া এই সম্মানজনক পুরস্কারটি সমগ্র বিশ্বের কয়েক শতাধিক মনোনয়নের মধ্যে থেকে ছয় ক্যাটাগরীতে সাতজন ব্যক্তিকে দেওয়া হয়েছে।

বর্তমানে বিশ্বের আটটি দেশে রেজোয়ানের উদ্ধাবিত ভাসমান স্কুল পরিচালিত হচ্ছে। 'শ্রী সত্য সাই লোক সেবা গ্রুপ অব এডুকেশনাল ইনস্টিটিউশনস'- এর চীফ মেনটর

বিএন নরসীমা মূর্তি বলেন, "মোহাম্মদ রেজোয়ানকে এই পুরস্কারটি প্রদান করা হয়েছে তার জীবন বদলে দেওয়া কাজের জন্য, যা সমগ্র বিশ্বের লক্ষাধিক মানুষের জীবন যাপনে প্রভাব ফেলেছে। তার উদ্ধাবিত ভাসমান স্কুলের কনসেন্ট্রিট বৈশ্বিক এবং এটা বাস্তবায়নে তার দৃঢ়তা অত্যন্ত অনুপ্রেরণাদায়ক। তার প্রতিষ্ঠিত অলাভজনক স্বেচ্ছাসেবী সংগঠন 'সিধুলাই স্ব-নির্ভর সংস্থা' বন্যা প্রবণ

এলাকায়, বিশেষ করে যেখানে শিশুদের শিক্ষার সুযোগ নেই, সেখানে শিক্ষা সুবিধা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।"

"আমাদের পুরস্কারপ্রাপ্ত প্রত্যেক ব্যক্তির কাজই অত্যন্ত হৃদয়গ্রাহী। তাদের জীবনে সংগ্রাম আছে, অর্জন আছে আর আছে দৃঢ় প্রত্যয়।" বলেন মল্লিকা শ্রীনিবাসন, যিনি পুরস্কার অর্গানাইজিং কমিটির চেয়ারম্যান, ট্রাকটর অ্যান্ড ফার্ম ইকুইপমেন্ট লিমিটেড (টাফি) এর প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং টাটা স্টীল লিমিটেড ও টাটা গ্লোবাল বেভারাজ লিমিটেডের বোর্ড মেম্বর।

পুরস্কার প্রদান অনুষ্ঠানটি ব্যাঙ্গালোরের সত্য সাই গ্রামা, মুদেনহালীতে গত ২৩ নভেম্বর, ২০১৬ অনুষ্ঠিত হয়। শ্রী সত্য সাই এর অনুসারীদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রিকেট সুপারস্টার সুনীল গাভাস্কার, বিখ্যাত সঙ্গীতজ্ঞ পন্ডিত শিবকুমার শর্মা, হরিহরণ এবং শিবামানী প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি



স্থপতি মোহাম্মদ রেজোয়ান